

## পিতার নিকটে ভাইদের কৈফিয়ত

ইউসুফকে অন্ধকূপে ফেলে দিয়ে একটা ছাগলছানা যবেহ করে তার রক্ত ইউসুফের পরিত্যক্ত জামায় মাখিয়ে তারা সন্ধ্যায় বাড়ী ফিরল এবং কাঁদতে কাঁদতে পিতার কাছে হাযির হয়ে ইউসুফকে বাঘে নিয়ে গেছে বলে কৈফিয়ত পেশ করল। প্রমাণ স্বরূপ তারা ইউসুফের রক্ত মাখা জামা পেশ করল। হতভাগারা এটা বুঝেনি যে, বাঘে নিয়ে গেলে জামাটা খুলে রেখে যায় না। আর খুললেও বাঘের নখের অাঁচড়ে জামা ছিন্নভিন্ন হয়ে যাবার কথা। তাছাড়া যে পিতার কাছে তারা মিথ্যা কৈফিয়ত পেশ করছে, তিনি একজন নবী। অহীর মাধ্যমে তিনি সবই জানতে পারবেন। কিন্তু হিংসায় অন্ধ হয়ে গেলে মানুষ সবকিছু ভুলে যায়।

ইউসুফের ভাইদের দেওয়া কৈফিয়ত ও  
পিতার প্রতিক্রিয়া আল্লাহ বর্ণনা করেন  
নিম্নোক্ত রূপে,

وَجَاؤُوا أَبَاهُمْ عِشَاءً يَبْكُونَ، قَالُوا يَا أَبَانَا إِنَّا ذَهَبْنَا نَسْتَبِقُ  
وَتَرَكَنَا يُوسُفَ عِنْدَ مَتَاعِنَا فَأَكَلَهُ الذِّبُّ وَمَا أَنْتَ بِمُؤْمِنٍ لَّنَا  
وَلَوْ كُنَّا صَادِقِينَ، وَجَاؤُوا عَلَى قَمِيصِهِ بِدَمٍ كَذِبٍ قَالَ بَلْ  
سَوَّلَتْ لَكُمْ أَنْفُسُكُمْ أَمْرًا فَصَبْرٌ جَمِيلٌ وَاللَّهُ الْمُسْتَعَانُ عَلَى مَا  
-۱۷-۱۸- تَصِفُونَ- (يوسف)

‘তারা (ভাইয়েরা) রাতের বেলায় কাঁদতে  
কাঁদতে পিতার কাছে এল’। ‘এবং বলল, হে  
পিতা! আমরা দৌড় প্রতিযোগিতা করছিলাম  
এবং ইউসুফকে আসবাবপত্রের কাছে  
বসিয়ে রেখেছিলাম। এমতাবস্থায় তাকে বাঘে  
খেয়ে ফেলেছে। আপনি তো আমাদেরকে  
বিশ্বাস করবেন না, যদিও আমরা সত্যবাদী’।  
‘এ সময় তারা তার মিথ্যা রক্ত মাখানো জামা  
হাযির করল। (এটা দেখে অবিশ্বাস করে

ইয়াকুব বললেন, কখনোই নয়) বরং  
তোমাদের মন তোমাদের জন্য একটা কথা  
তৈরী করে দিয়েছে। (এখন আর করার  
কিছুই নেই), অতএব 'ছবর করাই শ্রেয়।  
তোমরা যা কিছু বললে তাতে আল্লাহই  
আমার একমাত্র সাহায্যস্থল' (ইউসুফ  
১২/১৬-১৮)।